



S M U G

SWEATER LIMITED

100% Export Oriented Sweater Manufacturer

Address : Talepara, Chandona, Gazipur-1702, Bangladesh

Tel : 880-2-9264079, 9264090, Fax : 880-2-9263928, E-mail : info@evasweater.com

নিয়োগ নীতিমালা

RECRUITMENT POLICY

১.১ মূলনীতিঃ

ইসমোগ সোয়েটার লিমিটেড সর্বদা বিশ্বাস করে যে, দক্ষ জনবলের উপরই উৎপাদনশীলতা নির্ভরশীল। সঠিক কাজের জন্য সঠিক ব্যক্তি নিয়োগের উদ্দেশ্য সবসময়ই একটি নিরপেক্ষ, নিখুঁত ও অংশগ্রহনমূলক নিয়োগ পদ্ধতি অনুসরণ করে থাকে। এই নীতিমালা ইসমোগ সোয়েটার লিমিটেড সর্বস্বত্ব সঞ্চালন বা অন্য উৎপাদন এলাকার জন্য এবং ভবিষ্যতে যদি ইসমোগ লিমিটেড ব্যবস্থাপনায় নতুন কোন প্রতিষ্ঠান গঠিত হয় তাহলে সেই প্রতিষ্ঠানেও সমভাবে প্রযোজ্য হবে।

এ নীতিমালা মোতাবেক কর্মী নিয়োগের ক্ষেত্রে ইসমোগ সোয়েটার লিমিটেড কোনরূপ বৈষম্য বা অনিয়মের আশ্রয় গ্রহণ করে না, যে কোন প্রকার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর কর্মযোগ্যতাকেই অন্যতম শর্ত হিসেবে বিবেচনা করা হয়। প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে কর্মক্ষেত্র সু-স্বাস্থ্যের অধিকারী এবং প্রাপ্ত বয়স্ক হতে হবে। সকল প্রার্থীকে ভাঙ্গার কর্তৃক বয়স ও সক্ষমতা যাচাই করে তার পরবর্তী সাক্ষাৎকারের জন্য মনোনীত করা হয়।

১.২ উদ্দেশ্যঃ

সম অধিকার নিশ্চিত করণ এবং বাস্তবায়নের মাধ্যমে দক্ষ, সামগ্রিক পূর্ণ ও প্রতিযোগিতামূলক নিয়োগ নীতিই ইহার উদ্দেশ্য। ইসমোগ সোয়েটার লিমিটেড শ্রমিক নিয়োগের ক্ষেত্রে অপেক্ষাপতিভূ মূলক বা বৈষম্যহীন নিয়োগ পদ্ধতি ব্যবহার করে থাকে। সুষ্ঠু, সুশৃঙ্খল ও নিয়মতান্ত্রিকভাবে কর্মী নিয়োগের উদ্দেশ্যে ইসমোগ সোয়েটার লিমিটেড একটি সুনির্দিষ্ট "নিয়োগ নীতি" গ্রহণ করিয়াছে।

১.৩ নীতিঃ

ইসমোগ সোয়েটার লিমিটেড কখনও প্রচলিত আইনের বিরুদ্ধে কোন প্রকার নিয়োগে উৎসাহিত করে না। এছাড়া এ প্রতিষ্ঠান যে কোন প্রকার শিশুশ্রম হইতে সম্পূর্ণ মুক্ত। যোগ্য ও সঠিক শ্রমিককে সঠিক স্থান নির্ণয় করে চাকুরী প্রদানে এই প্রতিষ্ঠান বদ্ধপরিকর এবং ইহা বাস্তবায়ন করা এই নীতির লক্ষ্য।

১.৪ অঙ্গীকারঃ

কর্মক্ষেত্রে কোন শ্রমিক নিয়োগ বা নিয়োগ সংক্রান্ত কোন কাজ সম্পাদনের ক্ষেত্রে কোন অভিযোগ উপস্থাপিত হলে ইসমোগ সোয়েটার লিমিটেড কর্তৃপক্ষ তা প্রতিকারের জন্য দৃঢ় প্রতিজ্ঞ ও অঙ্গীকারবদ্ধ। উৎপাদনের সকল স্তরে কর্মী নিয়োগের ক্ষেত্রে প্রধানত রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক আইন মেনে চলা হয়, তবে অনেক ক্ষেত্রে জেতাাদের আচরণ বিধি ও নিয়মও মানা হইয়া থাকে। ইসমোগ সোয়েটার লিমিটেড এই নীতি কার্যকর করতে জেতাাদের আচরণবিধি (COC), আইএলও কনভেনশন ও বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ও ২০১৫ যথাযথ ভাবে অনুসরণ করবে।

